জান্নাতের আরাম ও জাহান্নামের বিতীষিকা নিয়ে গভীর ভাবে ভাবুন। যে তথ্যগুলো বা হাদিসগুলো আমরা জানি সেগুলোকে অনুভবে নিয়ে আসুন। ধরেন আগুনের তাপ কেমন বা ছাঁকা লাগলে কেমন লাগে আপন জানেন। সেই জানা অনুভূতিটা পুর দেহে ফিল করা চেষ্টা করুন। জাহান্নামে মানুষের অবস্থা কী হবে অনুভব করুন। জান্নাতের গল্প তো আমরা শুনিই। সেই তথ্য থেকে কল্পনা করুন এরকম একটা জায়গা পুরোটাই আপনার। এই মালিকানার অনুভূতি ফিল করুন। সুন্দর দৃশ্য

দেখলে মনে যে যেমন আনন্দের ঢেউ বয়ে যায়, এমনভাবে জান্নাতের অট্টালিকা-নহর-মজলিস-গাছপালা নিয়ে ভাবুন, যেন আনন্দের ঢেউ বয়ে যায়। এভাবেই আল্লাহর সিফাতগুলো নিয়ে ভাবুন, যেন কখনও ভয়, কখনও আনন্দ, কখন আশা, কখনও তাঁর বড়োত্ব আমার ক্ষুদ্রত্ব এগুলো এতোটা অনুভব করুন, যেন শরীরে ভাবনার লক্ষণ আসে (কেঁপে ওঠা, রোম দাঁড়ানো, অশ্রু ইত্যাদি)।

এবার জীবন আপনার জন্য সহজ। সেক্স-চলাকালীন মন রেখে দেবেন বেডরুম থেকে দূরে, চাইলে এখন ঘোড়া দৌড়োবে ঘণ্টার পর ঘণ্টা যদি আপনি চান। যখন চাইবেন তখন থামবে, আপনার ইচ্ছের উপর। যখন বীর্যপাত করবেন বলে আপনি সিদ্ধান্ত নেবেন, তখন পুরো মনটাকে আপনার স্ত্রীর দিকে নিন, মিলনের কর্মকাণ্ডের ভিতর খেয়াল দিন। গভীর আনন্দসহ অর্গাজম উপভোগ করুন। মন এখন আপনার হাতের মুঠোয়। কোনো গুনাহের কল্পনা আসলে ইগনোর করাও আপনার জন্য সহজ, জাস্ট মনটাকে কানে ধরে অন্যদিকে ঘুরিয়ে দিন, অন্য চিন্তায় লাগিয়ে দিন। কষ্ট বা অপমানের কোনো স্মৃতি মনে

আসছে, ওকে কীভাবে আরও জম্পেশ জবাব দেয়া যেত এসব ভেবে তিতা তিতা মন নিয়ে ঘুরছেন? মনকে অন্যকাজে নিযুক্ত করে দিন। বদভ্যাস ত্যাগও এখন আপনি করতে পারেন। সিগারেটের খেয়াল এলে মনটাকে ঘুরিয়ে আরেক কাজে লাগিয়ে দেয়া, ব্যস। আনন্দের কোনো কাজ যেমন সন্তানের সাথে খেলছেন, বন্ধুর সাথে আড্ডা দিচ্ছেন, পুরোটা মন লাগিয়ে দিন, আনন্দকে ম্যাগনিফাই করুন, কেন্দ্রীভূত করুন। এখন সুখের জীবন, ফুরফুরে জীবন আপনার জন্য সহজ।



সন্তান ধারণ

অনেক দম্পতি সন্তান ধারণের চেষ্টা করছেন বহুদিন যাবৎ। কবিরাজ, জড়িবিটি ধারণ, গাইনী ডাক্তারের শরণাপন্নও হয়েছেন। এর মাঝে উচ্চশিক্ষিত কাপলও আছেন। আমাদের শিক্ষাব্যবস্থা আমাদের সুন্দর জীবন চায় না, চায় শুধু আমাদের সার্ভিস। নয়তো সন্তান ধারণের এই ছোট কৌশলটা কেন নেই আমাদের কারিকুলামে?



ক্যালেন্ডার মেথড

রোগীদের কাছে একটু জিগেস করতেই যে তথ্যটা বেরিয়ে আসে তা হল, স্ত্রীর মাসিক শেষ হবার পর পরই তারা ঘন ঘন মিলনে লিপ্ত হন সন্তান ধারণের জন্য। দিনে কয়েকবার

সংকোচন (টেনসিং)

এ পদ্ধতি সম্পর্কে বলার আগে আমি আপনাদের কিছু বেসিক ধারণা দেই। আমরা প্রস্রাব করার সময় প্রসাব পুরোপুরি নিঃস্বরণের জন্য অভকোষের নিচ থেকে পায়ুপথ পর্যন্ত অঞ্চলে যে এক প্রকার খিচুনী দিয়ে পুনরায় তলপেট দিয়ে চাপ দেই এখানে বর্ণিত সংকোচন বা টেনসিং পদ্ধতিটি অনেকটা সে রকম। তবে পার্থক্য হল এখানে আমরা খিচুনী প্রয়োগ করবো – চাপ নয়। এবার মূল বর্ণনা – মিলনকালে যখন অনুমান করবেন বীর্য প্রায় স্থলনের পথে, তখন আপনার সকল যৌন কার্যক্রম বন্ধ রেখে অভকোষের তলা থেকে পায়ুপথ পর্যন্ত অঞ্চল কয়েক সেকেন্ডের জন্য প্রচলিত শক্তিতে খিচে ধরুন। এবার ছেড়ে দিন। পুনরায় কয়েক সেকেন্ডের জন্য খিচুনী দিন। এভাবে ২/১ বার করার পর যখন দেখবেন বীর্য স্থলনের চাপ/অনুভব চলে গেছে তখন পুনরায় আপনার যৌন কর্ম শুরু করুন। সংকোচন পদ্ধতি আপনার যৌন মিলনকে দীর্ঘায়িত করবে। আবারো বলি, সবপদ্ধতির কার্যকারীতা অভ্যাস বা প্রাকটিস এর উপর নির্ভর করে। তাই প্রথমবারেই ফল পাওয়ার চিন্তা করা বোকামী হবে।

বিরাম (টিজিং / পজ এন্ড প্লে)

এ পদ্ধতিটি বহুল ব্যবহৃত। সাধারণত সব যুগল এ পদ্ধতির সহায়তা নিয়ে থাকেন। এ পদ্ধতিতে মিলনকালে বীর্য স্থলনের অবস্থানে পৌঁছালে

লিঙ্গকে বাহির করে ফেলুন অথবা ভিতরে থাকলেও কার্যকলাপে বিরাম দিন। এই সময় আপনি আপনাকে অন্যমনস্ক করে রাখতে পারেন। অর্থাৎ সুখ অনুভূতি থেকে মনকে ঘুরিয়ে নিন। যখন অনুভব করবেন বীর্যের চাপ কমে গেছে তখন পুনরায় শুরু করতে পারেন। বিরাম পদ্ধতির সফলতা সম্পূর্ণ নির্ভর করে আপনার অভ্যাসের উপর। প্রথমদিকে এ পদ্ধতির সফলতা না পাওয়া গেলেও যারা যৌন কার্যে নিয়মিত তারা এই পদ্ধতির গুণাগুণ জানেন। মনে রাখবেন সব পদ্ধতির কার্যকারীতা অভ্যাস বা প্রাকটিস এর উপর নির্ভর করে। তাই প্রথমবারেই ফল পাওয়ার চিন্তা করবেন না। পরিশিষ্ট: উপরের সবকয়টি পদ্ধতি আপনার সঙ্গীর তৃপ্তির উদ্দেশ্যে। অনেকের ধারণা নারী এ ড্রিকস্ গুলো অনুমান বা জানতে পারলে পুরুষত্ব নিয়ে প্রশ্ন তুলবে। ধারণাটি সম্পূর্ণ ভুল। আপনি আপনার স্ত্রীকে পদ্ধতিগুলো বুঝিয়ে বলুন। দেখবেন সেই আপনাকে সাহায্য করছে। কারণ সে জানে আপনি বেশি সময় নেয়া মানে সে লাভবান হওয়া।

সংক্ষেপে

আপনাকে বিছানায় দীর্ঘস্থায়ী করতে সাহায্য করার জন্য কিছু যৌন অবস্থান উপরের কভার করা হয়েছে, তবে এটি কেবল একটি শুরু। মহিলারা পছন্দ করেন যখন আপনি অবস্থান পরিবর্তন করেন। এটা নতুন এবং দুঃসাহসিক মনে হয়।

এটি যৌনতার সময় তার জন্য আরও ভাল উদ্দীপনা প্রদান করতে পারে। আপনার উভয়ের জন্য কাজ করে এমন একটি যৌন অবস্থান খুঁজে পাওয়া কঠিন হতে পারে।

আপনাকে ফিটনেস এবং শক্তি খেয়াল রাখতে হবে এবং যদি অভাব হয় তবে স্টেপ গুলো কঠিন করে তুলবে। দীর্ঘস্থায়ী হওয়ার জন্য মৌলিক যৌন অবস্থানগুলি ব্যবহার করে দেখুন, যেমন: কাউগার্ল, স্পুনিং, উপরে মেয়ে।

এগুলি আপনাকে সহবাস দীর্ঘায়িত করতে সাহায্য করবে কিনা তা দেখতে একটি ভাল পরীক্ষা হবে।

ব্যায়াম

এরকম বাক্য নিশ্চয়ই শুনেছেন, “ব্যবহার কর, নয়তো ক্ষয়ে যাবে” অথবা “ফেলে রাখলে, মরচে পড়ে”। এ কথাগুলো মানুষের শরীরের জন্য অনেক বেশি প্রযোজ্য। আপনি যদি আপনার শরীর ব্যবহার না করেন, তবে তার ক্ষয় হবেই। আপনার পেশি হয়ে পড়বে খলথলে, নিস্তেজ ও দুর্বল। আপনার শরীরের বিভিন্ন গুরুত্বপূর্ণ অঙ্গ যেমন হাট, ফুসফুস, লিভার এগুলো ঠিকঠাক মত কাজ করবে না। আপনার শরীরের জয়েন্টগুলো হয়ে পরবে অনমনীয়। বলা হয়ে থাকে, নিষ্ক্রিয়তা

বা শরীর কাজে না লাগানো অনেকটা ধূমপানের মতোই
তীব্র ক্ষতিকর। তাহলে এটা জানাও জরুরী যে, কী কী কারণে ব্যায়াম
এত গুরুত্বপূর্ণ। চলুন দেখে নেয়া যাক.....

ব্যায়াম এর উপকারিতা

১) রোগ প্রতিরোধ করে-

রোগ মানুষের সবচেয়ে বড় শত্রু। এমন কোন মানুষ পৃথিবীতে খুঁজে
পাওয়া অসম্ভব, যিনি কোন প্রকার রোগে ভোগেন নি। মানুষ হিসেবে
আমাদের সবচেয়ে বড় প্রচেষ্টা হচ্ছে, রোগমুক্ত থাকা। আর এই রোগ
প্রতিরোধেই সাহায্য করে ব্যায়াম। নিয়মিত ব্যায়াম খুব প্রয়োজনীয়
শারীরিক ফিটনেস ও ভালো স্বাস্থ্যের জন্য। এটা বড় বড় রোগ
যেমন হৃদরোগ, ক্যান্সার, উচ্চ রক্তচাপ, ডায়াবেটিকস ও অন্যান্য রোগ
হওয়ার ঝুঁকি কমায়। ব্যায়াম আপনার চেহারার আবেদন বাড়াতে এবং
দ্রুত বুড়িয়ে যাওয়া ঠেকাতে সাহায্য করবে। তাই সুস্থ থাকতে ব্যায়ামের
কোন বিকল্প নেই।

২) সহনশক্তি বাড়ায়

এটি মানসিক শক্তি বাড়াতে সাহায্য করে। আপনি যখন ব্যায়াম করেন,
তখন আপনার শরীর শক্তি ব্যয় করে। আপনার শরীর যদি স্থূল, চর্বিযুক্ত
ও কায়িক পরিশ্রমহীন হয়ে থাকে, তাহলে আপনি অল্প শারীরিক শ্রমেই
অধিক ক্লান্ত হয়ে পড়বেন। আপনি যখন নিয়মিত ব্যায়াম করবেন, তখন

কম ক্লাস্তিতেই অধিক পরিমাণে কাজ করতে পারবেন। ভয় পাওয়া কঠিন কাজটিও দেখবেন, এক তুড়িতেই করতে পারছেন।

৩) ব্যায়াম মনকে চাঙ্গা করে

ব্যায়ামের মাধ্যমে নানা রকম রাসায়নিক পদার্থ মস্তিষ্ক হতে নির্গত হয়। এসব রাসায়নিক উপাদান চিত্ত প্রফুল্ল করে এবং শারীরিক ও মানসিক প্রশান্তির পাশাপাশি চেহারায় লাভণ্য ও গুঞ্জল্য বাড়ায়। যিনি নিয়মিত ব্যায়াম করেন তাকে বিষন্নতা কিংবা হতাশা সহজে হ্রাস করতে পারে না।

৪) ওজন নিয়ন্ত্রণ করে

সুস্থ থাকার আরেকটি গুরুত্বপূর্ণ ব্যাপার হল শরীরের বাড়তি ওজন ও মেদ ঝরিয়ে ফেলা। কিন্তু বাড়তি ওজন কমাতে ব্যায়ামের কোন বিকল্প নেই। শারীরিক চর্চা করলে ক্যালোরি খরচ হয়। এভাবে আমরা যতই ব্যায়াম করবো ততই আমাদের ক্যালোরি খরচ হবে এবং যার ফলে শরীরের ওজন নিয়ন্ত্রণে থাকবে।

৫) শরীরের নমনীয়তা বাড়ায়

আমাদের শরীরকে ফ্লেক্সিবল (Flexible) করতে ব্যায়ামের কোন জুড়ি নেই। আমাদের শরীরের অঙ্গপ্রত্যঙ্গ ও মাংসপেশী নমনীয় হওয়াটা জরুরী। তাহলে শরীরের উপর নিয়ন্ত্রণ থাকবে। ছোটখাটো আঘাতে

মচকে বা ভেঙ্গে যাবার সম্ভাবনা কম থাকে। তাই নিয়মিত ব্যায়াম করুন ও ভালো থাকুন।

৬) শরীরকে করে শক্তিশালী

মাংসপেশীর গাঁথুনি যার যত ভালো, সে ততো বেশি শক্তিশালী। ব্যায়াম প্রতিটি পেশীকে আলাদা আলাদা ভাবে গড়ে তোলে। পুরো ব্যাপারটা দাঁড়াচ্ছে আপনার উপর। কারণ আপনি ঠিক যেভাবে আপনার পেশীকে শক্তিশালী করতে চান, সেভাবেই করতে পারবেন।

৭) কর্মস্পৃহা বাড়ায়

আপনি যদি শারীরিক ও মানসিকভাবে সুস্থ না থাকেন, তাহলে কাজের প্রতি আপনার অনীহা তৈরি হবেই। ব্যায়ামের ফলে আমাদের শরীরের প্রতিটি কোষে অতিরিক্ত অক্সিজেন ও পুষ্টি সরবরাহ হয়। এর ফলে সমস্ত শরীরে একটি সুস্থ প্রাণস্পন্দন ও উদ্দীপনা সৃষ্টি হয়। এটা আমাদের কর্মস্পৃহা বাড়ায়।

৮) যৌন জীবনের জন্য উপকারী

দাম্পত্য জীবনে যৌন সুখ পুরো সংসার জীবনেই প্রভাব পড়ে। যাদের যৌন জীবনে জড়তা কিংবা অনাগ্রহ এসেছে, তাদের জন্য ব্যায়াম অত্যন্ত উপকারী। নিয়মিত ব্যায়াম করলে যৌনস্পৃহা বাড়ে, যৌন মিলনের স্থায়ীত্বকাল বৃদ্ধি পায় এবং দাম্পত্য জীবনে ইতিবাচক পরিবর্তন আনে।

৯) সুনিদ্রায় সহায়ক

আপনি নিশ্চয়ই দেখেছেন যে, আপনি যখন ক্লান্ত থাকেন, তখন খুব গাঢ় ও গভীর ঘুম হয়। তাই যাদের ঘুমের সমস্যা আছে তাদের জন্য ব্যায়াম অত্যন্ত উপকারী। ব্যায়াম অনিদ্রা দূর করে, অতি নিদ্রা হ্রাস করে। অবশ্য একেবারে ঘুমানোর আগে ব্যায়াম করা উচিত নয়। কারণ ব্যায়ামের পরে মানসিক চাঞ্চা ভাবের কারণে ঘুম আসা বিলম্বিত হতে পারে। তাই নির্দিষ্ট সময়ে নিয়মিত ব্যায়াম করুন।

সার্বিক জীবন ব্যবস্থার উন্নয়নে ব্যায়ামের রয়েছে অপরিসীম ভূমিকা। এতদিন তো হেলাফেলায় জীবন কাটালেন। আজ থেকেই শুরু করুন না! দেখবেন আপনার জীবনটা নিজের হাতের মুঠোয় রাখতে পারছেন।

কেগেল ব্যায়াম



কেগেল ব্যায়াম ছেলে অথবা মেয়ে উভয়ে করতে পারবে। কেগেল ব্যায়াম অনেক প্রকারের হয়ে থাকে ভালোভাবে জানার জন্য ইউটিউবে কেগেল ব্যায়াম লিখে সার্চ করুন।

নিয়ম

কেগেল ব্যায়াম করার জন্য হাত দুটি নিচে দিয়ে কোমরটি উপরে উঠিয়ে দিন এবং নিশ্বাস বন্ধ করে রাখুন, এভাবে ১-২ মিনিট রাখুন।

একজন পুরুষদের জন্য কেগেল ব্যায়ামের সুবিধা ইরেক্টাইল ডিসফাংশন এবং অকাল বীর্যপাত মতো যৌন কর্মহীনতায় সাহায্য করার ক্ষমতা। যখন কেগেল ব্যায়াম সঠিকভাবে করা হয়, তারা বুলবোক্যাভারনোসাস পেশী সক্রিয় করতে পারে। এই পেশী রক্ত প্রবাহে ভূমিকা পালন করে, আরও ইরেকশনে সাহায্য করে। কেগেল ব্যায়ামের সুবিধা শুধুমাত্র যৌন কর্মক্ষমতা সম্পর্কিত নয়। কেগেল ব্যায়াম পুরুষদের বিছানায় দীর্ঘস্থায়ী করার জন্য কার্যকর, এবং অন্যান্য সুবিধা আছে যেমন পেলভিক পেশী আমাদের শরীরের সবচেয়ে গুরুত্বপূর্ণ অঙ্গ এবং ফাংশন। ফলস্বরূপ, শক্তিশালী পেলভিক পেশী সামগ্রিক স্বাস্থ্য এবং সুস্থতায় কেগেল ব্যায়াম অবদান রাখে

প্ল্যাঙ্কস

শারীরিকভাবে সুস্থ থাকার জন্য সক্ষমতা বাড়াতে হবে। প্ল্যাঙ্কম আপনার পিঠের আর পেটের পেশিগুলোকে সবল করে তুলতে সাহায্য করে।

শরীরের উপরের অংশ মজবুত হলে বিছানাতে অনেক বেশিক্ষণ পারফর্ম করতে পারবেন। তাই প্রতিদিন ১০ মিনিট প্ল্যাঙ্ক করুন।



প্রথম দিকে কনুই পর্যন্ত মাটির সঙ্গে ঠেকিয়ে প্লীঙ্ক করুন। অভ্যস্ত হয়ে গেলে হাতের পাতা ও পায়ের পাতা মাটিতে রেখে বাকি শরীরটা হাওয়ায় তুলে দিন। প্ল্যাঙ্কের সময় পেট ভিতরের দিকে টেনে রাখতে পারলে আরও বেশি উপকার পাবেন।

পেট ও কোমরের কোর মাসলকে শক্তিশালী করে তুলতে প্ল্যাঙ্কের জবাব নেই। প্রায় ২ মিনিট করা যেতে পারে এই প্ল্যাঙ্ক।

খাবার

শরীরের শক্তিবৃদ্ধি ও অবসাদ কাটাতেও এ সব খাবার বিশেষ কার্যকর। মধু চীনাবাদাম তীন ফল দুধ তরমুজ কলা ডিম পানি বাঁধাকপি আপেল মিষ্টি আলু ফলমূল ফুলকপি রসুন ব্যাক চকলেট। কুমড়ার বিচি



মধুঃ ব্রিটেনের ওয়েলস বিশ্ববিদ্যালয়ের গবেষকদের মতে, নারী-পুরুষ উভয়েরই যৌন উদ্দীপনা বৃদ্ধি করতে চাকভাঙা মধু বিশেষ ভাবে কার্যকর। ব্রিটিশ গবেষকদের দাবি, পুরুষের টেস্টোস্টেরন হরমনের ক্ষরণ বৃদ্ধিতে মধু খুবই কার্যকরী। তাঁরা জানান, মধুর অন্যতম উপাদান “বোরন” মহিলাদের শরীরে ইস্ট্রোজেন হরমোনের ক্ষরণেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

রসুনঃ পুরুষদের যৌন ক্ষমতা বাড়াতে সেই কোন প্রাচীনকাল থেকেই ব্যবহার করা হয় রসুন। পেনিসে রক্তপ্রবাহ স্বাভাবিক রাখতে রসুনের তুলনা নেই। ইরেকশনজনিত কোনও সমস্যা থাকলে রোজ তিন-চার কোয়া কাঁচা রসুন খেলে কাজ হবে ম্যাজিকের মত। এক মাস এই রুটিন মেনে চলার পর ইচ্ছা হলে সপ্তাহে তিন দিন এই নিয়ম মেনে চলুন। রান্নাতেও অনেক বেশি রসুন ব্যবহার করুন। কয়েক মাসের মধ্যেই আপনার ইরেকশনজনিত সমস্যা অনেকাংশে কমে যেতে বাধ্য।

তরমুজ: ভায়াগ্রার সমান কাজ করে এই ফল। সম্প্রতি নানা গবেষণায় প্রমাণিত, শুধু শরীরে জলের মাত্রা বাড়ানো এবং ওজন কমাতেই সাহায্য করে না তরমুজ, বরং যৌন ইচ্ছা বাড়াতেও একই রকম সাহায্য করে এই ফল! এর সিত্রোলিন অ্যামিনো আয়াসিভ লিবিডোর মাত্রা বাড়ায়

আমন্ড এবং পেস্তা : আমন্ডে প্রচুর “ভিটামিন ই” রয়েছে। “ভিটামিন ই” সমৃদ্ধ যে সব খাবার ইস্ট্রোজেন ও টেস্টোস্টেরন হরমোন ক্ষরণে বিশেষ ভূমিকা পালন করে, তাদের মধ্যে আমন্ড অন্যতম। তাই নারী-পুরুষ নির্বিশেষ এই খাবার যৌনাকাঙ্ক্ষা বাড়িয়ে তোলে। আবার লিবিডো বাড়াতে বিশেষ ভূমিকা পালন করে পেস্তা। এটি তামা, জিঙ্ক ও ম্যাঙ্গানিজ একটি বিশাল প্রাকৃতিক উৎস। শুক্রাণুর ঘনত্ব বাড়াতেও বিশেষ ভূমিকা পালন করে পেস্তা।

জাফরান: যৌনশক্তি বৃদ্ধি ও কামেচ্ছাকে স্বাভাবিক রাখতে এই ফলের ভূমিকা অনস্বীকার্য। জাফরান যেমন মানসিক চাপ ও উদ্বেগ মাতে সাহায্য করে তেমনহ এটি রক্তে ইস্ট্রোজেন, সেরে টোনিন ও অন্যান্য ফিল-গুড হরমোন ক্ষরণে সাহায্য করে। তাই অনেক ফিটনেস এক্সপার্টই দুধে জাফরান মিশিয়ে খাওয়ার পক্ষপাতী। লিবিডো বৃদ্ধিতে এই খাবার বিশেষ উপকারী।

ডার্ক চকোলেট: প্রতি দিন দু'টুকরো করে ডার্ক চকোলেট রাখুন খাদ্যতালিকায়। কেবল লিবিডো বৃদ্ধিতেই সাহায্য করবে এমনই নয়, বরং দীর্ঘ দিন অনভ্যস্ত যৌন জীবনকেও খুব তাড়াতাড়ি ছন্দে আনে

এটি। এতে এল-আর্জিনিন অ্যামিনো অ্যাসিড থাকে, যা শরীরের নানা অঙ্গ-প্রত্যঙ্গে রক্ত সঞ্চালন স্বাভাবিক মাত্রায় রেখে উদ্যমী করে তোলে।

পটাশিয়াম সমৃদ্ধ খাবার: শরীরে পটাশিয়াম কমে গেলে উচ্চ রক্তচাপের সমস্যা দেখা যায়। পটাশিয়াম সমৃদ্ধ খাবার খাদ্যতালিকায় রাখলে তা লিবিডো বৃদ্ধি করতেও বিশেষ কার্যকর ভূমিকা পালন করে। তাই কলা, শুকনো খুবানি, নারকেলের জল ইত্যাদি খাবার প্রতি দিন রাখুন খাদ্যতালিকায়

গরুর মাংস: গরুর মাংসে আছে প্রচুর পরিমাণে জিংক। জিংক যৌন উদ্দীপনা কমানোর জন্য দায়ী টেস্টোস্টেরন কে এস্ট্রোজনে রূপান্তরিত করতে বাধা দেয়। গরুর মাংসে প্রচুর প্রোটিন আছে যা স্পার্মের পরিমাণ ও গুণ বৃদ্ধি করে। কলিজার মতো গরুর মাংসেও প্রচুর জিংক থাকে। তাই আপনি যৌন জীবনকে আরো আনন্দময় করতে কম ফ্যাটযুক্ত গরুর মাংস খান। গরুর কাঁধের মাংসে, রানের মাংসে কম ফ্যাট থাকে এবং জিঙ্ক বেশি থাকে

তাছাড়া আরো রয়েছে যেমনঃ দুধ, ডিম, খেজুর, কালোজিরা, সামুদ্রিক মাছ, জিনসেং, ডালিম, বাদাম, দারুচিনি, কিশমিশ ইত্যাদি।

বিয়ে

শীত মওসুমে দেশে বছরের অন্যান্য সময়ের চেয়ে বিয়ে-সাদি বেশি হয়। তাই শীত মওসুমকে বিয়ে-সাদির বসন্তকাল বলা যেতে পারে। ফরজ বিয়ে সুন্দর ও সুশৃঙ্খল জীবনের সিঁড়ি।



শান্তির ছোঁয়া: স্বল্প খরচে যৌতুকবিহীন বিয়েতে রয়েছে আল্লাহর রহমত, বরকত ও শান্তি। মূলত নারী-পুরুষের মধ্যে সম্পর্ক স্থাপনের জন্য একমাত্র বৈধ উপায় ও বিধিবদ্ধ ব্যবস্থা হচ্ছে বিয়ে। এ ফরজ বিয়ের নিয়ম-নীতি যত সহজ হবে, খরচ যত কম হবে, সমাজে ততই নারী-পুরুষের অবৈধ মেলামেশা কমে আসবে। এ জন্য সমাজে স্বল্প খরচে সুস্বাস্থ্য বিয়ের প্রথা সর্বত্র চালু করতে হবে। বিষয়টির প্রতি সমাজের

হৃদয়বান মুমিন বান্দা ও সরকারের নজর দেয়া উচিত। এতে নারী নির্যাতন, ইভটিজিং, অবৈধ প্রেম, ব্যভিচার, ধর্ষণ ইত্যাদি হ্রাস পাবে। কন্যা দায়গ্রস্ত মা-বাবা হাফ ছেড়ে বাঁচবে। দরিদ্র ও মধ্যবিত্তের ঘরে শান্তির ছোঁয়া লাগবে। কারণ বৈধ বিয়ের মাধ্যমে স্বামী-স্ত্রীর মিল-মহব্বতে রয়েছে শান্তি। যে ঘরে স্বামী-স্ত্রীর মনোমালিন্য নেই, যৌতুকের বাড়াবাড়ি নেই, অশান্তির আগুনে ঘরে-বাইরে পুড়ছে না তারা।

আল্লাহর হুকুম: মহান আল্লাহ তায়ালা ‘বৈবাহিক সম্পর্ককে বংশ ও আত্মীয়তার অন্যতম মানদণ্ড নির্ধারণ করেছেন।’ (সূরা ফোরকান-৫৪)। আল্লাহ পাকের হুকুম হচ্ছে, ‘তোমাদের মধ্যে যারা (বিবাহযোগ্য কিন্তু) বিবাহহীন তোমরা তাদের বিবাহ সম্পাদন করে দাও এবং তোমাদের দাস-দাসীদের মধ্যে যারা সৎ, যোগ্য তাদেরও। তারা যদি দরিদ্র হয় তবে আল্লাহ নিজ অনুগ্রহে তাদেরকে ধনী করে দেবেন। আল্লাহ অসীম ক্ষমতাবান সর্বজ্ঞ।’ (সূরা নূর-৩২)। ‘আর যারা বিবাহ করতে অসমর্থ, তারা যেন সংযম অবলম্বন করে (মানসিক ও আর্থিকভাবে সচ্ছল হতে চেষ্টা করে) যে পর্যন্ত না আল্লাহ নিজ অনুগ্রহে তাদের অভাবমুক্ত করে দেন।’ (সূরা নূর-৩৩)।

বিয়ের শর্ত : ইসলামে বিয়ের শর্ত হলো ছেলেমেয়ে দুইজন দুইজনের অবশ্যই পছন্দ হতে হবে। অর্থাৎ তাদের মতামতের ও পছন্দের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। অভিভাবকদের বর-কনে পছন্দের ক্ষেত্রে ধন-সম্পদ ও বংশ মর্যাদার চেয়েও দ্বীনদারিকে বেশি প্রাধান্য দেয়া আবশ্যিক।


বিয়েতে সাক্ষী থাকবে দুইজন। মেয়েকে বরের যোগ্যতা অনুসারে বিবেকসম্মত ন্যায্য দেনমোহর দিতে হবে। এ বিষয়ে ছেলের সামর্থ্য মতো যে দেনমোহর দিতে সক্ষম, তা মেয়ে ও মেয়ের পক্ষ মেনে নিলেই হবে ইসলামী মতে বিয়ে। আল্লাহর সন্তুষ্টির জন্য দুই পক্ষকেই যৌতুক দেয়া থেকে রহিত থাকা জরুরি। স্বল্প খরচে সুল্লাতি বিয়ে নিয়মমাফিক মসজিদেও সম্পন্ন করা যায়।

এতে নেই বিয়ে আয়োজনের হাজারো রকমের জোগাড়যন্ত্র। নেই বাড়ি-গাড়ি সাজানোর বাড়াবাড়ি, বর কনের ফ্যাশনের ঘনঘটা, গায়ে হলুদের নামে নারী-পুরুষের মাখামাখি, নাচনাচি, যন্ত্র সঙ্গীতের মাতামাতি, অশ্লীলতার ছড়াছড়ি এবং খানা খাদ্যের ও অর্থের অহেতুক অপচয় এবং নেই বিধর্মীদের অনুকরণ-অনুসরণ। রাসূল সা:-এর কলিজার টুকরা জান্নাতের রানী মা ফাতেমার রা: বিয়ের অনুষ্ঠান হয়েছিল সামান্য ব্যয়ে, একবারে সাদামাটা। তার বিয়ে অনুষ্ঠানের মতো সাদামাটা বিয়ের অনুষ্ঠানই হওয়া উচিত মুসলিম সমাজের বিয়ের অনুষ্ঠানের মূল শর্ত। মা আয়শা রা:- হতে বর্ণিত। নবীজী সা: ইরশাদ করেছেন, ‘স্বল্প খরচের বিবাহ সর্বাপেক্ষা বরকতময়।’ (মুসনাদে আহমাদ, শুআবুল ইমান)। তিনি আরো বলেন, ‘স্বল্প খরচের বিবাহ সর্বাপেক্ষা উত্তম।’ (আবু দাউদ, ইবনে হিব্বান)।

ফরজ বিয়ে হচ্ছে- আল্লাহ পাকের হুকুম পালন করা। নবীজী সা:- এর সুল্লাহর অনুসরণ করা। যা উন্নত চরিত্র গঠনে, শারীরিক ও মানসিক

অসুস্থতায় একান্ত সহায়ক শক্তিরূপে কাজ করে। ফরজ বিয়ে চোখের কুদৃষ্টির হেফাজত করে, অঙ্গপ্রত্যঙ্গকে জেনার হাত থেকে রক্ষা করে এবং আত্মার সংশোধনের মাধ্যমে ইবাদতে মনোযোগী করে তাকওয়ার রাজপথে হাঁটতে সাহায্য করে।

বাসর রাত



বাসর রাত মানে হলো “বিবাহ পরবর্তীর প্রথম রাত্রি” । একজন নারী এবং একজন পুরুষ সে হোক পরিচিত অথবা অপরিচিত, মূলত দুইজনের চার হাত এক করে নতুন জীবনের উদ্দেশ্যে পথযাত্রা শুরু হওয়ার পরবর্তীতে যে প্রথম রাত আসে এবং তারা প্রথম একসঙ্গে রাত্রিযাপন করে তাকেই বাসর রাত বলে আখ্যায়িত করা হয়।

বাসর ঘর মানে কি?

ইতিমধ্যে আমরা জেনেছি- বাসর রাত হলো বিবাহ পরবর্তী প্রথম রাত। অতএব এখানে বাসর শব্দের অর্থ- বর কনের বিবাহরাত যাপন। মূলত সকল বিধি নিষেধ মান্য করে একজন নারী এবং একজন পুরুষ একে অপরকে গ্রহণ করার পরবর্তীতে প্রথম যে রাত্রি যাপন করে সেটাই হচ্ছে বাসর রাত। আর নতুন বরকনে যে ঘরে রাত্রি যাপন করে সেটাই হচ্ছে বাসর ঘর। অতএব বাসর ঘর মানে হলো- বিবাহ পরবর্তী প্রথম রাত যাপনের কক্ষ, যাকে বর কনের ফুলশয্যার কক্ষ বলেও সম্বোধন করা হয়। কেননা সচরাচর বাসর ঘর ফুল দিয়ে সাজানো হয়। আর তাই বাসর রাত কে ফুলশয্যার রাতও বলা হয়ে থাকে।



বাসর রাত কেন হয় / বাসর রাত কেন বলা হয়?

ইসলামসহ প্রত্যেকটি ধর্মেই বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার বিষয়টি বিশেষভাবে উল্লেখ করা রয়েছে। আর ইসলামসহ প্রত্যেকটি ধর্মেই বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার বিষয়টি বিশেষভাবে উল্লেখ করা

রয়েছে। আর তাইতো একজন নারী এবং একজন পুরুষ বৈধ সম্পর্ক স্থাপনের জন্য বিয়ের বন্ধনে আবদ্ধ হয়। বাসর রাত এমন একটি রাত, যে রাতে একজন নারী এবং একজন পুরুষ শারীরিক ও মানসিকভাবে অত্যন্ত ঘনিষ্ঠ হয় এবং নিজেদের মধ্যে সর্বসত্তা বিনিময় করে।

যদি বাসর রাত কেন হয় এই প্রশ্নের এক কথায় উত্তর দিতে যাই, তাহলে বলা যায়- একজন নারী এবং একজন পুরুষের নতুন জীবন শুরু করার জন্য, তাদের মাঝে বোঝা পড়ার সম্পর্ক গড়ে তোলার জন্য এবং সারা জীবন একে অপরের পাশে থাকার জন্য বাসর রাত হয়। কেননা অপরিচিত অথবা পরিচিত একজন নারী এবং একজন পুরুষ স্বামী স্ত্রী হিসেবে একসঙ্গে তখনই থাকতে পারে যখন তারা পবিত্র বিবাহ বন্ধনে সকল নিয়ম ও শিষ্টাচার মেনে বিবাহ করে।

আর এই রাতে বাসর রাত বলার কারণ হলো- ওই রাতে সর্বপ্রথম বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার পরবর্তীতে স্বামী স্ত্রী একসঙ্গে রাত্রি যাপন করে, এমনকি একে অপরকে শপে দেয়। এখন আসুন ধারাবাহিকভাবে আরও জেনে নেই- বাসর রাতে কি করতে হবে, বাসর রাতে কিভাবে কথা বলতে হবে, বাসর রাতে কি কি করা উচিত এবং কি কি করা অনুচিত, বাসর রাত সম্পর্কে ইসলামের বিধান সহ প্রভৃতি।

বাসর রাতে কি করতে হবে

বাসর রাতে কি করতে হবে এটা মূলত সম্পূর্ণই ব্যক্তিগত বিষয়। কেননা এই বিষয়টি শুধুমাত্র ব্যক্তিগত বিষয়ের উপরই নির্ভরযোগ্য। তবে কিছুটা ধারণা দেওয়ার জন্য বলে রাখা ভালো- বাসর রাতে একজন স্বামী এবং স্ত্রী নিজেদের মধ্যে মধুর সম্পর্ক গড়ে তুলবে।



কেননা বাসর রাত একটা মিষ্টি রাত। যে রাতে উভয় উভয়ের সাথে কথা বলবে, দুজনের ভালো-মন্দ দুজন দুজনকে জানাবে, সারা জীবন একসঙ্গে পথ চলার অঙ্গীকারবদ্ধ হবে এবং কিভাবে একজন আরেকজনের সুখে দুখে পাশে থাকবে এবং কিভাবে একে অন্যের সাথে শারীরিক মিলন করবে ইত্যাদি সকল ব্যক্তিগত ও নিজেদের গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করবে।

এক কথায়, দুজনের জীবনে ঘটে যাওয়া এবং দুজনের বোঝাপড়ার বিষয়টি একে অন্যের সাথে শেয়ার করার মাধ্যমে একে অন্যকে গভীর ভাবে জানবে। অতএব এই আলোচনার পরিপ্রেক্ষিতে বলা যায়- বাসর রাতে এমন কিছু করতে হবে যেটা ওই স্বামী এবং ওই স্ত্রীকে সারা জীবন সুখে রাখবে এবং নতুনত্বের কারণে যে সংকোচ থাকে তা চিরতরে দূর করবে।



বাসর রাতে কি কি জানতে হবে

কিছু সাধারণ প্রশ্ন রয়েছে যেগুলো সুখী দাম্পত্যের চাবিকাঠি। আর তাই জীবনসঙ্গী নির্বাচনের পর অবশ্যই একে অপরকে জানার জন্য এবং বোঝার জন্য বাসর রাতের সঙ্গীকে নিম্ন বর্ণিত প্রশ্নগুলো করতে পারেন। বলতে পারেন বাসর রাতে কি করতে হবে এ প্রশ্নের উত্তর এটি। যে

উত্তরে আমরা আপনাদেরকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় বিষয় প্রশ্ন আকারে তুলে ধরবো ।



প্রথমত: বাসর রাতে জীবনসঙ্গীকে জিজ্ঞাসা করবেন- আমাকে কেন বিয়ে করলেন?

অনেকেই রয়েছেন যারা পূর্ব পরিচিত থাকে, আবার এমন অনেকেই রয়েছেন যারা সদ্য পরিচিত। তবুও এক দেখাতেই বিয়ের মত সিদ্ধান্ত নেয় এবং একে অন্যকে নিয়ে সারা জীবন থাকার প্রতিজ্ঞা করে। আপনি যদি জীবন সঙ্গীর সাথে নিজের বন্ডিং মজবুত করতে চান তাহলে, জানতে চাইবেন সে কেন আপনাকে বিয়ে করল। মূলত এই ধরনের প্রশ্নের উত্তরে বেশিরভাগ মানুষ বলে থাকেন- ভালোবাসি আর তাই সারাটা জীবন আপনার সঙ্গে কাটাতে চাই। তবে এটা তো কমন। আর

তাই প্রত্যেকেই চাই এমন কিছু জানতে যেটা জীবনসঙ্গের প্রতি আলাদা একটা ভালোলাগা এবং সম্মানের জায়গা তৈরি করবে।

তাই জীবনসঙ্গীকে এই প্রশ্নটি করুন পাশাপাশি তার মনের কথা বুঝুন। কেননা লজ্জা কারণে আপনার সাথে সে মন খুলে প্রথমত কথা বলতে ইতস্তত বোধ করতে পারে।

দ্বিতীয়ত: বাসর রাতে জীবনসঙ্গীকে এটা জিজ্ঞাসা করুন- সে কেন আপনাকে ভালোবাসে!

এই প্রশ্নের উত্তর এবং জীবনসঙ্গীর বলা কথার মাধ্যমে আপনি বুঝতে পারবেন তার জীবনে আপনার গুরুত্ব কতটুকু এবং সে আপনাকে কতটা ভালোবাসে। তবে হ্যাঁ, এমনটা মনে করার কোনই কারণ নেই যদি কেউ এই প্রশ্নের উত্তরে নীরবতা পালন করে তাহলে সে আপনাকে পছন্দ করে না অথবা ভালোবাসে না।

কেননা অনেকে লজ্জা এবং একটু আলাদা প্রশ্নের কারণে নীরবতা পালন করতে পারে। তবে একজন স্বামী এবং স্ত্রীর অবশ্যই উচিত এই রাতে মন খুলে কথা বলা এবং একে অপরকে বোঝার জন্য দুজন দুজনকে কোঅপারেট করা।

তৃতীয়ত: দুজন দুজনের সাথে ফিউচার প্ল্যান করুন এবং একে অন্য কে এটা জানান- বিয়ের পর ভালোবাসা বাঁচিয়ে রাখার জন্য কি কি করবেন

“ভালোবাসা” সম্পর্ক টিকিয়ে রাখার একটি অন্যতম বিশেষ অনুভূতি। যে সম্পর্কে ভালোবাসার নেই সে সম্পর্কে টিকিয়ে রাখা অসম্ভব। আর তাই পরিস্থিতি অনুযায়ী নিজেদের মধ্যে এমন কিছু কথা বলুন যেটা দুজন দুজনের ভবিষ্যত জীবনে কাজে আসবে এবং যাই হয়ে যাক না কেন বেঁচে থাকবে ভালোবাসা।

চতুর্থত: বাসর রাতে জীবনসঙ্গের কাছ থেকে জানতে পারেন আপনার জন্য জীবনের আপস করতে প্রস্তুত কিনা!

আমরা প্রত্যেকেই আলাদা, কেননা আমাদের প্রত্যেকেরই আলাদা আলাদা ব্যক্তিত্ব রয়েছে। আর তাই যেকোনো সম্পর্ক টিকিয়ে রাখার জন্য একজনকে আপোস করতেই হবে। তবে এমনটা নয় যে সব সময় একজনই শুধু আপোষ করবে। এক্ষেত্রে উভয়েরই উভয়কে কো অপারেট করতে হবে।

তবে এ প্রশ্নটি করার মাধ্যমে বা এই প্রশ্নটি নিয়ে আলোচনা করার মাধ্যমে দুজন দুজনকে বেশ ভালোভাবে উপলব্ধি করতে পারবেন। জানতে পারবেন নিজেদের ভালোলাগা খারাপ লাগা এবং দুর্বলতা সম্পর্কে।

পঞ্চমত: জীবনসঙ্গের সাথে সুখ-দুঃখের মুহূর্ত এবং সন্তানদের জন্য ত্যাগ স্বীকার সম্পর্কে আলোচনা করুন।

অনেকেরই মনে হতে পারে বিয়ের প্রথম রাতে এই প্রশ্নগুলো করা বা এই প্রশ্ন নিয়ে আলোচনা করা ভুল। তবে সত্যি এটাই যেহেতু আপনি একে অন্যকে জানার জন্য এবং সারা জীবন একসঙ্গে থাকার জন্য বিয়ে করেছেন তাই অবশ্যই আপনাদের মধ্যে বোঝাপড়া এবং সারা জীবন সুখে থাকার জন্য কিছু গুরুত্বপূর্ণ ও ব্যক্তিগত বিষয় নিয়ে বিয়ের প্রথম রাতেই আলোচনা করা জরুরী।

আমরা যে বিষয়গুলো তুলে ধরেছি এটা শুধুমাত্র আমাদের দিক বিবেচনা করে। এর বাইরে আপনি যদি তাকে জানার এবং বোঝার জন্য অথবা নিজেদের মাঝে সম্পর্ক মজবুত ও শক্ত করার জন্য অন্য কোন বিষয় সম্পর্কে প্রশ্ন বা জিজ্ঞাসাবাদ থেকে থাকে তাহলে করতেই পারেন। তবে হ্যাঁ, বাসর রাতে এমন কিছু কাজ রয়েছে যেগুলো একদমই করা উচিত নয়। যা আমরা নিচের পয়েন্টে আলোচনা করছি।



বাসর রাতে কি কি করা নিষিদ্ধ

অনেকে ই প্রশ্ন করেন- শারীরিক সম্পর্ক কি বাসর রাতে আবশ্যিক? আর এমন কি কোন কাজ রয়েছে যেটা বাসর রাতে করা একদমই

নিষিদ্ধ! মূলত আপনার প্রশ্নের উত্তর হচ্ছে- না, বাসর রাতে শারীরিক সম্পর্ক স্থাপন করা আবশ্যিক নয়। এমনকি নবদম্পতির বাসর রাতে সেক্স করা অনুচিত বলে জানিয়েছেন যৌন পণ্ডিত গণেরা।


কেননা, নতুন নতুন অবশ্যই এই কাজটি করা স্বভাব হয় না। একজন নারী এবং একজন পুরুষের মাঝে শারীরিক সম্পর্ক স্থাপনের আগে ব্যক্তিগত এবং বিশেষ কিছু বোঝাপড়ার প্রয়োজন পরে। তাই এই রাতে শারীরিক মিলন করা আবশ্যিক নয়। তবে যদি আপনাদের প্রেমের বিয়ে হয়ে থাকে তাহলে সে ক্ষেত্রে আলাদা ব্যাপার, মূলত এটা আপনাদের উপরেই নির্ভর করছে।

আর হ্যাঁ, অনেকের রয়েছে যারা নিজেদের কন্ট্রোল করতে পারেন না। মনে রাখবেন স্ত্রীর অনুমতি ছাড়া অর্থাৎ তার সহমত না থাকলে বাসর রাতে প্রথম দিন শারীরিক মিলন করতে না যাওয়াটাই ভালো। আর এটাতেই নিষিদ্ধ কাজ হিসেবে ধরতে পারেন।

আর তাছাড়াও, বিয়ে নিয়ে নারী-পুরুষ উভয়ে ই বেশ ধকলের মধ্যে থাকে। প্রায় এক সপ্তাহ অথবা তার থেকে বেশি একটা না বেশ কয়েকটা দিন বিভিন্নভাবে পরিশ্রম করতে হয় উভয়কেই। আর তাই সারাদিন পরিশ্রমের পর রাত জেগে থাকাটা খুবই কষ্টকর হয়ে দাঁড়ায়। এজন্য বুদ্ধিমানের কাজ হচ্ছে- উভয়কে জানার জন্য এমন কিছু বিষয় নিয়ে কথা বলা যেটা দুজনের জন্যই জরুরী।

বাসর রাত সম্পর্কে ইসলামের বিধান

ইসলামের দৃষ্টিকোণ থেকে বাসর রাত নিয়ে কিছু সুনির্দিষ্ট বিধি-বিধান রয়েছে। দেখুন বিয়ের বিশেষ একটি অংশ হচ্ছে বাসর রাত এটা আমরা জেনেছি। যে রাত সাধারণত বিবাহবন্ধনে আবদ্ধ হওয়া প্রতিটি যুগলের জীবনের কাঙ্ক্ষিত ও গুরুত্বপূর্ণ একটি রাত। একজন নারী এবং একজন পুরুষের বিয়ে হওয়ার প্রথম রাতই হচ্ছে বাসর রাত।



বাসর রাতে কি করতে হবে

আপনি যদি মুসলিম ধর্মাবলম্বী হয়ে থাকেন সেক্ষেত্রে ইসলামে উল্লেখিত বাসর রাতের কিছু বিধান মেনে চলতে হবে, যেগুলো আপনার ভবিষ্যৎ জীবনকে আরো উজ্জ্বলময় করে তুলবে। যথা –

- বিয়ের নিয়ত করা
- একসঙ্গে সালাত আদায় করা
- স্ত্রীর মাথায় ডান হাত রেখে দোয়া পড়া
- নিষিদ্ধ কাজ থেকে বিরত থাকা
- ঋতুবতী স্ত্রীর সঙ্গে যা কিছু অনুমতি রয়েছে সেগুলো করা এবং যেগুলোর অনুমতি নেই সেগুলো পরিহার করা
- মিলনের সময় দোয়া পড়া
- মিলনের পর অজু অথবা গোসল করা
- স্বামী-স্ত্রীর গোপনীয়তা উভয়েরই গোপন রাখা
- উলঙ্গ হয়ে সঙ্গম না করা

এক কথায়- একজন স্বামী এবং একজন স্ত্রীর উভয়েরই বাসর রাতে বিয়ের নিয়ত হিসেবে এমন কিছু করার সিদ্ধান্ত নেওয়া যেটা তাদেরকে সুখে রাখবে এবং সকল প্রকার হারাম কাজ থেকে বিরত রাখবে। সেই সাথে যেহেতু নামাজের কোন বিকল্প নেই তাই ওই রাতে নামাজ পড়াও অত্যন্ত গুরুত্বপূর্ণ।

তাছাড়াও যেহেতু আপনি প্রথম কোন নারী এবং আপনার স্ত্রীর সংস্পর্শে যাচ্ছেন তাই অবশ্যই স্ত্রীর মাথায় সর্বপ্রথম ডান হাতে রাখা এবং আল্লাহর দরবারে দোয়া করা- হে আল্লাহ পাক আপনার কাছে আমার স্ত্রীর এবং তার স্বভাবের কল্যাণ প্রার্থনা করছি এবং তার ও তার স্বভাবের অকল্যাণ থেকে আশ্রয় প্রার্থনা করছি।

এমনকি নিষিদ্ধ কাজ থেকে অবশ্যই দূরে থাকতে হবে আপনাকে। কেননা অনেকেই রয়েছেন যারা নিজেদেরকে কন্ট্রোল করতে না পেরে নারীদেরকে ঋতুস্রাব কালীন সময়েও সঙ্গম করে ফেলেন, যেটা একদমই অনুচিত। আর তাই সব কিছুর বৈধতা বিবেচনা করে করায় ভালো।

আর আমরা সবাই জানি- ইসলামী বিধানে স্ত্রীর সঙ্গে সঙ্গমের সময় কিছু বিশেষ দোয়া করার নির্দেশনা দেওয়া হয়েছে। এমনকি অজু ও গোসল করারও পরামর্শ দেওয়া হয়েছে। তাছাড়াও যেহেতু স্ত্রী এবং স্বামী উভয়ের মাঝে ঘটে যাওয়া বিষয়গুলো সম্পূর্ণ ব্যক্তিগত এবং একদমই আলাদা তাই স্ত্রীর সঙ্গে কাটানো সময়ের গোপন তথ্য প্রকাশ না করাই সর্বোত্তম।

বাসর রাতে স্বামীকে খুশি করার উপায়



বাসর রাতে স্বামীকে খুশি করার অন্যতম উপায় হচ্ছে মাধুর্যপূর্ণ আচরণ করা। লজ্জাশীলতা নারীদের সৌন্দর্য। আর লজ্জাশীল নারীকে প্রত্যেক

পুরুষই পছন্দ করে। তাই অবশ্যই বাসর রাতে স্বামীকে খুশি করার জন্য মাধুর্যপূর্ণ আচরণ করবেন এবং স্পেশাল মোমেন্ট তৈরি করবেন। এটা মূলত আপনার ব্যক্তিগত চিন্তা ধারা এবং ব্যক্তিগত বিষয়ের উপর নির্ভর করছে। তবে সচরাচর স্বামীকে বিছানায় খুশি করার উপায় হলো -

- স্বামীর চোখের দিকে তাকিয়ে থাকা
- নিজেকে সুন্দরভাবে উপস্থাপন করা
- তাকে ঠিকঠাক বোঝার চেষ্টা করা এবং প্রায় সকল কাজে সহযোগিতা করা
- স্বামীকে বিভিন্ন প্রশ্ন করা বিশেষ করে তার সম্পর্কে
- তার প্রশংসা করা
- আর যেহেতু আপনি নতুন স্ত্রী, তাই সে ক্ষেত্রে স্বামীকে বাসর রাতে খুশি করার জন্য নিম্ন বর্ণিত কাজগুলো করুন। যথা -
- স্বামীর সাথে দুই রাকাত নামাজ আদায় করুন
- তার সাথে সৌজন্যমূলক আচরণ করুন এবং তার দেওয়া যে কোনো গিফট খুশি মনে গ্রহণ করুন
- স্বামীর ভালোলাগা ও খারাপ লাগা বিষয়গুলো সম্পর্কে জানুন
- যৌন মিলনের সময় এমনভাবে সহবাস করুন যেন এটা মনে হয় সে আপনার জীবনের প্রথম পুরুষ।

বাসর রাতে স্ত্রীকে খুশি করার উপায় | বাসর রাতে বউকে কি উপহার দেওয়া যায়

একইভাবে বাসর রাতে স্ত্রীকে খুশি করার উপায় সম্পর্কেও জানার প্রয়োজন পড়ে। আর তাই বাসর রাতে বউকে কি উপহার দেওয়া যায়, বাসর রাতে স্ত্রীকে খুশি করার উপায় কি এ সম্পর্কেও জানতে ইচ্ছুক অনেকেই।

বাসর রাতে অর্থাৎ প্রথম রাতে স্ত্রীকে কি উপহার দেওয়া যায় এই উত্তরে বলব- আপনি আপনার স্ত্রীর পছন্দের জামাকাপড় কিনে দিতে পারেন সেই রাতে। আর বউকে উপহার দেওয়ার সুবিধাটা হচ্ছে কম বাজেট থেকে বেশি বাজেট সবচেয়েই মেয়েদের জন্য নানারকম জিনিস পাওয়া যায়।



এমন কিছু জিনিস উপহার দিন যেটা আপনার স্ত্রী ভালবাসবে। যদি সে বই পড়তে ভালোবাসে তাহলে এমন একটি বই দিন যেটা তার খুবই পছন্দ হবে, এমনকি তার পছন্দের তালিকায় অন্য কিছু থাকলে তাকে সেটাই উপহার দিন। আর হ্যাঁ, মেয়েরা সাধারণত অনেকটাই নরম মনের হয়ে থাকে। আর তারা সবসময়ই একটু আলাদাভাবে চিন্তা করে। আর তাই বাসর রাতে বউকে উপহার দিলেই যে সে খুশি হবে এমনটা নয়। এমনও হতে পারে আপনার স্ত্রী আপনার কাছে গিফট নয় বরং আপনাকে চাইছে এবং আপনার স্পেশাল হয়ে সারা জীবন থাকতে চাই এবং আপনিও তাকে রাখতে চান এমন কিছুই জানতে ইচ্ছে হচ্ছে।

সব সময় চেষ্টা করুন স্ত্রীকে খুশি রাখবার এবং সে কি চায় তার কি পছন্দ এ বিষয়গুলো মাথায় রেখে এমন কিছু দেওয়ার। সেটা হতে পারে টাকা দিয়ে কেনা কোন গিফট অথবা মুখ থেকে বেরিয়ে আসা কিছু সুন্দর ও মাধুর্যপূর্ণ শব্দ।

বাসর রাতে কি করলে বাচ্চা হয়

স্বামী স্ত্রীর মিলনের মাধ্যমে বাচ্চা হয় এটা এডাল্ট বয়সের কারোরই অজানা নয়। তাই বাসর রাতে কি করলে বাচ্চা হয় এ প্রশ্নটি করা একদমই অযৌক্তিক।



তবে সচরাচর কেউ বিয়ের প্ৰথম রাতে বাচ্চা নেওয়ার সিদ্ধান্ত নেয় তো সুপ্ৰিয় পাঠক বন্ধুৱা, বাসৱ ৱাত মানে কি, বাসৱ ৱাতে কি কৱতে হবে এ সম্পর্কিত আলোচনাৱ ইতি টানছি আজ এখানেই।

নববিবাহিতদের কমন কিছু যৌন সমস্যা-



বিয়ের প্রথমদিকে নতুন পরিবেশ ও অতি উত্তেজনাবশত দ্রুত বীর্যপাত হওয়া স্বাভাবিক। অধিকাংশ (৯০-৯৫%) পুরুষই জীবনের প্রথম যৌন মিলন করার সময় দ্রুত বীর্যপাত এর সম্মুখীন হন। প্রথম দিকে এটা নরমাল, এবং সময়ের সঙ্গে সঙ্গে এটা ঠিক হয়ে যাবে।

দুটি কারণে এটি হয়ে থাকে-

১। অনভিজ্ঞতা

২। অতিরিক্ত উত্তেজনা

অনভিজ্ঞ একজন পুরুষ তার জীবনে প্রথম যৌন মিলন করার সময় প্রচণ্ড উত্তেজিত থাকে। উত্তেজিত অবস্থায় নারী সঙ্গীর সঙ্গে মিলনের সময় থাকে তাড়াহুড়ার মধ্যে, এতে করে নিজের উপর কন্ট্রোল থাকে না। পাশাপাশি প্রবেশ করানোর পর যোনির ভেতরের উচ্চ উষ্ণতায় দিশেহারা হয়ে যায় অনেক সময়ই তার ফলাফল খুব অল্প সময়েই নারী সঙ্গীর অর্গাজম হবার আগেই বীর্যপাত।

দ্বিতীয় কারণ টেনশন ও উত্তেজনা। নতুন বিয়ে বা নতুন বউ এর কাছে নিজেকে শারীরিক ভাবে সামর্থবান হিসেবে তুলে ধরতে চাওয়ার মানসিক চাপ থেকে সৃষ্টি হয় টেনশন, ফলে নিজের উপর কন্ট্রোল থাকে না। এবং প্রথম মিলন তাই অতি উত্তেজনায় ফলে দ্রুত বীর্যপাত। প্রথম কয়েকবার এমন চলতে পারে, ভয়ের কিছু নেই, ধীরে ধীরে নিয়মিত মিলন হলে সময় বৃদ্ধি পেতে থাকবে। চেস্টা করবেন একের অধিকবার

মিলন করতে দ্রুত শেষ হয়ে গেলে উৎসাহ হারিয়ে ফেলবেন না। আপনার স্ত্রীকে বোঝাবেন যে প্রথম-প্রথম এরকম হয় কিছুদিন পর ঠিক হয়ে যাবে।

প্রথমদিকে একেবারে অপারগ না হলে উষধ সেবন দরকার নেই। নিজের দুর্বলতা, অতীতের হস্তমৈথুন, খারাপ অভিজ্ঞতার সাথে দাম্পত্য জীবন তুলনা না করাই উত্তম। হঠাৎ বিশেষ অঙ্গ শীতল হয়ে যেতে পারে যেটাকে পারফরম্যান্স এনজাইটি বলে। এটা নিয়ে ঘাবড়ে যাবেন না। এটা আপনা আপনি ঠিক হয়ে যেতে পারে। দীর্ঘ সময় নিয়ে মিলন করেও সঙ্গীনের অর্গাজম না হলে মিলনের সার্থকতা নেই। কত বেশি সময় মিলন করেছেন তা মুখ্য নয় বরং অর্গাজম দিতে পেরেছেন কিনা তা বড় বিষয়। বিয়ের আগে ও পরে এই সমস্যাগুলো ফেস করলে পুষ্টিকর খাবার, কেগেল এক্সারসাইজে জোর দিবেন যৌন মিলনে স্বামী-স্ত্রীর দুজনের সক্রিয় ভূমিকা বেশ সহায়ক।

প্রথম যৌন মিলনে যা না জানলেই নয় প্রথম যৌন মিলনে সর্বনাশা হতে পারে যদি মানসিক প্রস্তুতির সংকেত দেয়া নেয়ায় ভুল বুঝাবুঝি থাকে। যেহেতু আপনারা দুইজনেই সারা জীবনের জন্য বিবাহের মাধ্যমে একটি সামাজিক বন্ধনে আবদ্ধ হয়েছেন তাই বাসর রাতে কথা বলা কিংবা ভাব বিনিময়ের মাধ্যমে সম্পর্কের স্বাভাবিকতা এবং পরস্পরের মানসিক দুরত্ব কমিয়ে আনুন। দুজন দুজনের প্রথমদিকে একেবারে অপারগ না হলে উষধ সেবন দরকার নেই।

নিজের দুর্বলতা, অতীতের হস্তমৈথুন, খারাপ অভিজ্ঞতার সাথে দাম্পত্য জীবন তুলনা না করাই উত্তম।

হঠাৎ বিশেষ অঙ্গ শীতল হয়ে যেতে পারে যেটাকে পারফরম্যান্স এনজাইটি বলে। এটা নিয়ে ঘাবড়ে যাবেন না। এটা আপনা আপনি ঠিক হয়ে যেতে পারে। দীর্ঘ সময় নিয়ে মিলন করেও সঙ্গীনের অর্গাজম না হলে মিলনের সার্থকতা নেই। কত বেশি সময় মিলন করেছেন তা মুখ্য নয় বরং অর্গাজম দিতে পেরেছেন কিনা তা বড় বিষয়। বিয়ের আগে ও পরে এই সমস্যাগুলো ফেস করলে পুষ্টিকর খাবার,কেগেল এক্সারসাইজে জোর দিবেন।

যৌন মিলনে স্বামী-স্ত্রীর দুজনের সক্রিয় ভূমিকা বেশ সহায়ক। প্রথম যৌন মিলনে যা না জানলেই নয় প্রথম যৌন মিলনে সর্বনাশা হতে পারে যদি মানসিক প্রস্তুতির সংকেত দেয়া নেয়ায় ভুল বুঝাবুঝি থাকে। যেহেতু আপনারা দুইজনেই সারা জীবনের জন্য বিবাহের মাধ্যমে একটি সামাজিক বন্ধনে আবদ্ধ হয়েছেন তাই বাসর রাতে কথা বলা কিংবা ভাব বিনিময়ের মাধ্যমে সম্পর্কের স্বাভাবিকতা এবং পরস্পরের মানসিক দূরত্ব কমিয়ে আনুন।

অনেক নারীই বিয়ের ১০/১৫ বছর পরেও মিলনে ব্যথা অনুভব করেন। তবে সবাই চিৎকার চেচামেচী করেন না। নিরব থাকার মানে এটা নয় যে নারী আগে থেকে যৌনকাজে অভ্যস্ত! তবে অনেক নারী চালাকি করে

প্রথম দিকে এমন ভাব করেন যেন তিনি সহিতে পারছেন না! অতএব ব্যথা পাওয়া না পাওয়ায় নারীর সতিত্ব প্রমান হয়না।

প্রথম মিলনে আপনার প্রস্তুতি হিসেবে নিজেকে শারিরীক ভবে সুস্থ রাখুন ও শক্তিশালী হোন। ড্রেফ মধু খান প্রতিদিন এক চামচ করে। দুধে হলুদ বা মধু মিশিয়ে খেলে আরও ভালো। ফার্মেসী থেকে লুব্রিকেন্ট বা জেল কিনে রাখুন। এটা সার্জিক্যাল জেল। এই সার্জিকেল জেল না পেয়ে অনেকে নারিকেল তেল, গ্লিসারিন ইত্যাদি ব্যবহার করতে পারেন। বাজারে অনেক ধরনের কনডম রয়েছে যেমন, ডটেড, এক্সট্রী রিবড, প্লেইন, থিন, এক্সট্রা থিন, লংলাস্টিং, ডটেড প্লাস রিবড, এক্সট্রা লং ইত্যাদি। এগুলি একেকটা একেক সময়ে কার্ধকর। নতুন ব্যবহারীর হিসেবে প্লেইন অথবা ডটেড কনডম শুরু করার জন্য আদর্শ] অর্থাৎ জাস্ট প্রোটেকশনের জন্য এক্সট্রা ফিচার কনডম গুলি শুরুতে ব্যবহার না করা ভালো।

দ্রুত বীর্যপাত

অকাল বীর্যস্থলন হলো যৌনসঙ্গমকালে পুরুষের দ্রুত বীর্যপাত হওয়া । এটি একটি সাধারণ যৌনগত সমস্যা ।



বিশেষজ্ঞের মতে প্রতি তিনজন পুরুষের মধ্যে একজনকে এ সমস্যায় আক্রান্ত হতে দেখা যায়। স্ত্রী যোনিতে পুরুষাঙ্গ প্রবেশের পর অঙ্গ চালনার পরিণতি হিসেবে বীর্যপাত হয়ে থাকে। যোনিতে লিঙ্গ প্রবেশের সময় থেকে বীর্যপাত অবধি সময়কে বলা হয় বীর্যধারণ কাল । কতক্ষণ অংগচালনার পর বীর্যপাত হবে তার কোন সুনির্দিষ্ট বা আদর্শস্থানীয় সময় নেই । পুরুষে পুরুষে, বয়সের তারতম্যে বা পরিবেশভেদে বীর্যধারণ ক্ষমতা বিভিন্ন হতে দেখা যায়। তবে নিয়মিত যদি যোনিতে লিঙ্গ প্রবেশের পূর্বে বা অব্যবহিত পরেই অগ্রতিরোধ্যভাবে বীর্যপাত হয়ে যায় তবে তা দ্রুতস্থলন সমস্যা হিসেবে বিবেচিত হবে। এটি একটি যৌনসমস্যা কেননা এর ফলে পুরুষ প্রয়োজনীয় সময় ধরে অঙ্গচালনার সুখ থেকে বঞ্চিত হয়। অপর দিকে অকাল বীর্যপাতের দরুণ পুরুষাঙ্গ

নেতিয়ে পড়ে বলে অঙ্গ চালনা আর সম্ভব হয় না যার ফলে স্ত্রীর চরমানন্দ লাভের আগেই সঙ্গমের সমাপ্তি হয়ে যায় ।

অকাল বীর্যপাতের প্রধান লক্ষণ হলো নারী-পুরুষ উভয়ের চরমানন্দ লাভের আগেই পুরুষের বীর্যপাত ঘটে যাওয়া । এটি ঘটে অতিরিক্ত উত্তেজনার ফলে অনেক সময় প্রথম মিলনে এটা বেশিরভাগ হয়ে থাকে । তবে প্রথম বার মিলনে দ্রুত বীর্যপাত হলে সেটা অকাল বীর্যপাত বলা যাবেনা । সাধারণত প্রথম যৌনমিলনের পূর্বে প্রবল উত্তেজনা সৃষ্টি হয় । তাই প্রথম যৌনমিলনকালে পুরুষের অকাল বীর্যপাত হয়ে থাকে । সাধারণত নারীদের অর্গাজম হবার পূর্বেই যদি পুরুষ সঙ্গীর বীর্যপাত ঘটে এবং এই সমস্যা ৬মাস বা তার অধিক সময় ধরে চলতে থাকে তবে সেটি অকাল বীর্যপাত হিসেবে গননা হয় । দ্রুত বীর্যপাতের ফলে পুরুষ হতাশাগ্রস্ত হয়ে যায় । স্ত্রীর সামনে লজ্জিত হতে হয় । মেজাজ খিটখিটে হয়ে যায় । যৌন মিলনের ইচ্ছা থাকে না বরং ভয় কাজ করে । কখনও কখনও সংসার জীবনে ভাঙ্গন দেখা দিতে পারে ।

দ্রুত বীর্যপাত হওয়ার কিছু কারণ

দ্রুত বীর্যপাতের কারণগুলোকে দুই ভাগে ভাগ করা যায়-

> জৈবিক কারণ

> মানসিক কারণ

১) জৈবিক কারণ সমূহঃ

→ ডায়াবেটিস

→ থাইরয়েড গ্রন্থির সমস্যা

→ বিভিন্ন হরমোন জনিত সমস্যা

→ হৃদরোগ

→ মুত্রনালির সংক্রমন ও প্রদাহ

বিভিন্ন রোগ যেমনঃ সিফিলিস, গনোরিয়া ইত্যাদি

→ বিভিন্ন ওষুধের পার্শ্ব ক্রিয়া

→ সার্জারি বা আঘাত জনিত কারণে স্নায়ুতন্ত ক্ষতিগ্রস্ত হলে

২) মানসিক কারণ

দুঃশ্চিন্তা/মানসিক চাপ/ডিপ্রেসন

→ রাত জাগা/ শারীরিক দুর্বলতা

→ সঠিক যৌন শিক্ষার অভাব!

→ প্রি ম্যারাইটাল বা বিবাহ পূর্ব কাউন্সিলিং/সঠিকশিক্ষার অভাব!

→ সেক্স সম্পর্কে ভুল ধারণা

→ কম বয়সে সহবাস

→ অতিরিক্ত প্রত্যাশা

→ অতি উত্তেজনা

→ আগের ব্যর্থতা কথা বার বার মনে করা


→ সেক্সুয়াল এবিউজ

→ সম্পর্ক অবনতি /দাম্পত্য কলোহ

→ যৌন নির্যাতনের ইতিহাস

→ চাকরি/ব্যবসা জনিত কারণে দূরে থাকেন এবং অনেকদিন পর-পর

শারীরিক সম্পর্ক → মাদকাসক্ত /নেশাগ্রস্ত



দ্রুত বীর্যপাত দূর করার উপায়-

→ স্টপ-স্টাট টেকনিক (বীর্যপাত হয়ে যাবে এইরকম সময়ে লিঙ্গ চালানো বন্ধ করে দেওয়া এবং কিছুখন পর আবার শুরু করা। বন্ধরাখা অবস্থায় স্ত্রীকে অন্যান্য মাধ্যমে উত্তেজিত রাখা

* মিলন চলাকালে ধীরে ধীরে গভীর শ্বাস নিবেন। আপনি যখন চরম মুহূর্তে যাবেন, তার একটু আগে গভীর শ্বাস বন্ধ রাখুন। এটা আপনার বীর্যপাতের রিফ্লেক্সটাকে নিয়ন্ত্রণ করবে। এভাবে কয়েকবার করুন, আগের তুলনায় সময় কিছুটা হলেও বৃদ্ধি পাবে। একের অধিকবার মিলন। এতে লিঙ্গের সেন্সিটিভিটি নিয়ন্ত্রণে আসবে। সাথে পর্যাপ্ত পরিমাণে বীর্য না থাকার কারণে বীর্যপাত হতে বেশ সময় লাগবে। যাদের দ্রুত বীর্যপাতের সমস্যা, তারা গ্যাপে গ্যাপে মিলন করলে প্রথমবার খুব একটা সময় বেশি পাবেন না। যখন ** নিয়মিত করবেন তখন সময় বৃদ্ধি পাবে।

*** সহবাসের পজিশন পরিবর্তন করা। মিলনের মাঝে ছোট ছোট বিরতিনেয়া। বিরতি নেওয়ার সময়টুকুতে স্ত্রীকে উত্তেজিত করে রাখা। সহবাসের সময় অন্যমনস্ক থাকা, পুরুষ এর বীর্যপাত তার মস্তিষ্কের উত্তেজনা মাধ্যমে সময় নির্ধারণ হয়ে থাকে। তাই সহবাসের সময় আপনি নিজে উত্তেজিতো কম হবেন, এতে করে বেশি সময় বীর্য ধরে রাখতে পারবেন।

* কেগেল ব্যায়াম করা (ব্যায়াম এর পাতায় কেগেল ব্যায়াম নিয়ে বিস্তারিত বলা হয়েছে।

* উত্তেজনাপূর্ণ খাবার মিলনের আগে খাওয়া (খাবার এর পাতায় খাবারের নাম দেওয়া হয়েছে)

* লিঙ্গে সংবেদনশীলতা দূর করার জন্য (কনডম বা লিঙ্গে স্প্রে ব্যবহার করা)

*** অ্যালকোহল/ধূমপান ত্যাগ করা!

** দীর্ঘদিনের সমস্যা থাকলে দ্রুত একজন ডাক্তারের সাথে পরামর্শ করা।

সর্বশেষ সকলের জন্য শুভকামনা।

আপনার বিবাহিত এবং যৌন জীবন সুখের হোক এবং শান্তিময় হোক এই কামনা করি।

বিবাহের আগে সঠিক যৌন শিক্ষা অর্জন করা এবং নিজেকে সেই ভাবে প্রস্তুত করে নেওয়া আমাদের সকলে জন্য কতব্য। তাহলে বিবাহিতো জীবনে আরো একধাপ এগিয়ে থাকবেন। আমাদের এই বইয়ের মধ্যে পাবেন বিবাহের আগে নিজেকে কিভাবে প্রস্তুত করবেন এবং বিবাহের পর যেসকল যৌন সমস্যার সম্মুখীন হবেন সেই সকল সমস্যা এবং সমধান দেয়া হয়েছে।

সঠিক যৌন শিক্ষা ব্যক্তির যৌন স্বাস্থ্য এবং সুখবোধের দিকে গুরুত্বপূর্ণ একটি মাধ্যম হিসেবে কাজ করে। এটির উপকারিতা অনেকগুলি রয়েছে:

রোগ প্রতিরোধ: সঠিক যৌন শিক্ষা দ্বারা ব্যক্তি তার যৌন স্বাস্থ্য সম্পর্কে সঠিক ধারণা পায় এবং রোগ প্রতিরোধে সচেতন থাকে।

সুখবোধ এবং প্রেমের দক্ষতা: সঠিক যৌন শিক্ষা ব্যক্তিকে প্রেমের এবং সহবাসের দিকে সুস্থ মনোভাব দেয়, যাসুখবোধ এবং আনন্দের সাথে সম্পর্কিত।

সুস্থ সম্পর্ক ও পরিবার জীবন: সঠিক যৌন শিক্ষা বাচ্চাদের ও যৌন সঙ্গমে প্রচুর প্রশিক্ষণ দিতে সহায় করতে পারে, যা সুস্থ পরিবার ও সম্পর্ক জীবনের জন্য গুরুত্বপূর্ণ।

প্রজনন স্বাস্থ্য এবং গর্ভধারণ নিয়ন্ত্রণ: যৌন শিক্ষা ব্যক্তিকে গর্ভধারণ নিয়ন্ত্রণ ও প্রজনন স্বাস্থ্যের সঠিক ধারণা দেয় এবং প্রয়োজনে উপযুক্ত প্রস্তুতি করতে সাহায্য করে।

যৌন সমস্যা ও উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণ: সঠিক যৌন শিক্ষা এমন সমস্যার পূর্বে রোগের চিকিৎসার সাথে যৌন স্বাস্থ্যের সম্পর্কে সচেতনতা সৃষ্টি করতে সাহায্য করতে পারে।

যৌনতার বিভিন্ন দিক: সঠিক যৌন শিক্ষা দ্বারা যৌনতা এবং লিঙ্গমূলক মতামতে বৃদ্ধি দেওয়া হয়, যা সামাজিক সমগ্র উদার মাধ্যমে সহজে স্বীকৃত হতে সাহায্য করতে পারে।

যৌন সম্পর্ক শিক্ষা: সঠিক যৌন শিক্ষা সম্পর্কে প্রচুর জ্ঞান দিয়ে, এটি সম্পর্কে মুখোমুখি আলোচনা করতে সাহায্য করতে পারে এবং আত্মবিশ্বাস ও সামগ্রিক সুস্থতা উন্নত করতে সাহায্য করতে পারে।

দাম্পত্য জীবন

সুখী দাম্পত্য জীবন সকলেই চায়। কিন্তু চাইলেই তো আর জীবনে সুখ পাওয়া যায় না। সুখী দাম্পত্য জীবন পেতে গেলে তার কতগুলি শর্ত মেনে চলতে হয়। এই শর্তগুলি মানলেই জীবন হয়ে ওঠে আনন্দময়।



এক সংসারে থাকতে গেলে হাতা আর খুন্তির মধ্যে কিছু ঠোকা ঠুকি তো লাগবেই। কিন্তু তা বলে একসঙ্গে থাকব না বললে কীভাবে চলবে! অনেকেই বলেন, বিয়ের পর ভালোবাসা কমে যায়। সবচাইতে সমস্যা বেশি সৃষ্টি হয় যারা প্রেম করে বিয়ে করে। দাম্পত্য জীবনে পা দেয়ার পরই সংসারে ফাটল ধরতে দেখা যায়। একে অপরকে দোষাদোষী করতে বেশী দেখা যায়। পারিবারিকভাবে বিয়ে করলেই যে দাম্পত্য

জীবনে সুখ চলে আসে তা কিন্তু বলা যাবে না। তাহলে দাম্পত্য জীবনের সুখ আসলে কোথায় লুকিয়ে থাকে? কোনো দম্পতিই কী সুখী নন? মনে এই প্রশ্ন আসতে পারে। পৃথিবীতে অনেক দম্পতিই আছেন যারা দাম্পত্যজীবনে অনেক সুখী। দাম্পত্য জীবনেও সুখে থাকা যায়। আপনি জানতে চান কী সেই গোপন রহস্য? চলুন তাহলে জেনে নেয়া যাক।

১. একটু ছাড় দুপক্ষ থেকেই:

দুজনকেই কোনো কোনো ক্ষেত্রে একেবারে ১০০% ছাড় দিতে হবে বিষয়টি কিন্তু তেমন নয়। কোনো একটি ব্যাপারে দুজনেই যদি নিজের মতামত থেকে একটু সরে এসে ৫০% করেও ছাড় দিয়ে একটি নির্দিষ্ট দুজনের মতের মাঝামাঝিতে নিয়ে কাজটি করতে পারেন তাহলেই সকল সমস্যার সমাধান হয়ে যায়। ঝগড়া তো দূরের কথা সামান্য মনোমালিন্যও হয় না। সুখে থাকেন দুজনেই।

২. একে অপরকে পেয়ে নিজেকে ভাগ্যবান ভাবা:



আপনি নিজেই বলুন যদি কেউ আপনার কানের কাছে সবসময় বলতে থাকে ‘তোমার জন্য আপনার জীবন ধ্বংস হয়েছে, আমার জীবনের দুর্ভাগ্য তুমি’ তাহলে কেমন লাগতে পারে। অবশ্যই খুব খারাপ। বিষয়টি সেরকমই। দুজন মানুষ যখন বিবাহ বন্ধনে আবদ্ধ হন তখন ভাবা উচিত তাদের ভাগ্যে ছিল বলেই দুজকে পেয়েছেন। আর নিজের ভাগ্যকে খারাপ বলে নিজেকেই নিচু করার মধ্যে বীরত্বনেই। বরং নিজেকে ভাগ্যবান ভাবা উচিত যে সৃষ্টিকর্তা তার জন্য কাউকে পাঠিয়েছেন।

৩. একসাথে সময় কাটানো:

জীবনে কাজ করার বহু সময় পাবেন। ভবিষ্যতের কথা ভেবে যে বর্তমানে নিজেকে কাজে ডুবিয়ে সঙ্গীর কাছ থেকে আলাদা হয়ে যাচ্ছেন তার ভবিষ্যৎ কি তা একবার ভেবে দেখেছেন? বিয়ের পর যে সময়টুকু দুজন দুজনকে দেয়ার প্রয়োজন তার মাধ্যমেই সম্পর্কে মধুরতা আসে সম্পর্ক মজবুত হয়। এই সময়টুকু হেলায় পার করে দেয়ার পর দাম্পত্য জীবনে সুখ খোঁজা আপনারই ভুল।

৪. সম্পর্ক ধরে রাখতে কাজ করা:



বিয়ের পর যদি মনে করেন সে তো এখন আমারই, তার প্রতি এখন আর কিছুই প্রমাণ করার নেই তাহলে ভুল ভাবছেন। সম্পর্ক গড়ে তোলার চাইতে টিকিয়ে রাখা কঠিন। আপনি যদি দায়সারা ভাবে সম্পর্কে নিজের দায়িত্ব পালন করেন তাহলে নিজেও সুখ পাবেন না সঙ্গীকেও সুখে রাখতে পারবেন না। সম্পর্ককে ধরে রাখতে অবশ্যই আপনাকে কাজ করতে হবে। নিজের ভালোবাসা প্রকাশ করতে হবে।

৫. রাগকে সঙ্গে করে বিছানায় যাবেন না:

মাথা গরম তো সকলেরই হয়। কিন্তু তা বলে এক মুখ রাগ নিয়ে বিছানায় গেলে কখনওই দাম্পত্য আর সুখীর আখ্যা পাবে না। তাই বিছানায় যাওয়ার আগেই নিজের রাগকে থিতু করে তবেই বিছানায় যান।

৬. একে অপরকে চিনুন:

বিয়ের ক্ষেত্রে একে ওপরকে চেনাটা খুবই জরুরি। মতানৈক্য হতেই পারে। দুজন আলাদা মানুষ, তাদের আলাদা চিন্তা ভাবনা হওয়াটাই স্বাভাবিক। কিন্তু তার জেরে যদি বাড়িতে কাক আর চিল বসতে না পারে তাহলে কিছুই করার নেই। তাই এক অপরের কথা শুনুন এবং পরে মাথা ঠান্ডা হলে অপরকে বুঝিয়ে বলুন, দেখবেন ঝামেলা মিটে যাবে।

৭. ক্ষমা করতে শিখুন: ভুল মানুষ মাত্রই হয়ে থাকে। তবে সেই ভুলটাকে ধরে বসে থাকবেন না। মাথা ঠান্ডা করে স্বামী অথবা স্ত্রীকে ভুলটা ধরিয়ে দিন।



তারপর তাকে ক্ষমা করে দিন। ক্ষমা করার ওপরে কোনও কথাই থাকতে পারে না। ক্ষমা করার পর এই ভুল নিয়ে আর কখনওই কোনও কথা বলবেন না। ভুলের কথা সম্পূর্ণভাবে ভুলে যান।

৮. চুপ করে থাকতে শিখুন:

চুপ করে থাকা একটা বড় কাজ। বিবাহিত জীবনে মাঝে মধ্যে চুপ করে থাকলে কিছুই যায় আসে না। তাই একজন বেশি কথা বললে নিজে একটু চুপ করে থেকেই দেখুন না কি হয়!

৯. সদা আনন্দে থাকুন:



নিজের বাবা-মাকে এতো দিন রাগ দেখিয়েছেন বলেই যে বউ অথবা স্বামীর ওপরেও রাগ দেখাবেন সব সময় তা কখনওই নয়। ঝগড়া করার সময় ঝগড়া করার পর মিটিয়ে নিয়ে, বেশিরভাগ সময়ই মুখে একটা প্লাস্টিক হাসি লাগিয়ে রাখুন দেখবেন দাম্পত্য জীবনের চাকা গড়গড়িয়ে ঘুরবে।

১০. ছেলেরা বউয়ের নিয়ম মেনে চলুন:



বিয়ের আগে মায়ের বারণ শোনেননি বলে যে বিয়ের পরে বউয়ের বারণকেও চোখ রাঙাবেন তা কখনওই চলবে না। সদা বাড়িতে বউয়ের বারণ শুনে চলবেন। ধরুন আপনার স্ত্রী ঘর গুছিয়ে রাখার বাতিক আছে। কিন্তু আপনি ঘর গোছানো থাকলে কোনও জিনিস ঠিক ঠাক খুঁজে পাননা। কিন্তু কি আর করবেন তাঁর মতে কদিন চলেই দেখুন না। আস্তে আস্তে স্বভাব পরিবর্তন হয়ে যাবে আপনারও।

১১. অফিসের কাজ কখনওই বাড়িতে নয়:

অফিসের কাজ কখনওই বাড়িতে করবেন না। অফিসের যাবতীয় চিন্তা ভাবনা এবং ফেলে আসবেন অফিসের মধ্যেই। তাকে সঙ্গে করে বাড়িতে

নিয়ে এসে নিজের কাছের মানুষদের ওপর রোজ ওই রাগ দেখালে আর দাম্পত্য জীবন টিকবে না।



১২. সব সময় বন্ধুত্ব রাখুন: বিয়ে করেই টিপিক্যাল স্বামী-স্ত্রীতে পরিণত হয়ে যাবেন না। দেখবেন দুজনের মধ্যে যেন বন্ধুত্বটি বর্তমান থাকে। বন্ধুত্ব থাকলেই আর কোনও অসুবিধা হবে না।



১৩. দায়িত্ব নিতে শিখুন:



বিয়ে করেছেন ঘরে মাকে সাহায্য করার জন্য বউ এনে দিয়েছেন বলেই সমস্ত দায়িত্ব নিজের গা থেকে ঝেড়ে ফেলবেন না। সব সময় পরিবারের সকলের দায়িত্ব নিজের। অফিসে কাজের দোহাই দিয়ে ইলেক্ট্রিকের বিল বা ব্যাঙ্কের কাজ এড়িয়ে তা কখনওই বউয়ের ওপর চাপিয়ে দেবেন না।

১৪. নিজের জীবন সাথীর সব থেকে বড় চিয়ারলিডার হন:

যে কোনও খারাপ সময়ের জন্য নিজের জীবনসাথীকে কখনওই দায়ী করবেন না। যদিও আপনি জানেন তিনিই দায়ী। সেই খারাপ সময় তাঁর পাশে দাঁড়ান। তাঁর সব থেকে বড় শক্তি হয়ে উঠুন। যখন সারা দুনিয়া আপনার সাথীর অপরদিকে চলে যাবে তখনও তার হাতটাকে শক্ত করে ধরে থাকুন। দেখবেন কোনও দিন টলমল করবে না সম্পর্কের সেতু।

১৫. মিথ্যে কথা বলতে শিখুন:



বিবাহিত জীবনে সব সময় সত্যি কথা কখনওই বলবেন না। কোনও ভালো কাজ করতে গেলে যদি মিথ্যে কথা একটু আধটু বলতেও হয় তাহলে কোনও ভুল হয় না। ধরুন আছেন বন্ধুদের সঙ্গে একটি পার্টিতে সেখানে বলতেই পারেন অফিসের একটা খুব জরুরি মিটিং-এ আছেন।

১৬. বন্ধুদের সুখ্যাতি একদম নয়:



নিজের পরম বন্ধুর সুখ্যাতি করা একদম ভুলে যান। বন্ধুকে কখনওই

নিজেদের ব্যক্তিগত জীবনের মাঝখানে স্থান দেবেন না।

১৭. সারপ্রাইজ দিন:



বিয়ের বহু বছর পরেও যাতে প্রেম আপনাদের কাছ থেকে দূরে সরে যেতে না তার জন্য একে ওপরকে সারপ্রাইজ দিন। দেখবেন এই সারপ্রাইজের মাধ্যমেই আপনাদের মধ্যকার প্রেম নতুন ভাবে জেগে উঠবে।